দৈনিক বাংলা

3

তারিখ 03 JAN 1989
পৃষ্ঠা ... ... 1 কলাম 6 ... ...

১৮

# প্রথম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ইংরেজী বাধ্যতামূলক

মন্ত্রিপরিষদ সোমবার রাতে এক সভায় প্রথম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত একটি বাধ্যতামূলক ভাষা হিসাবে ইংরেজী প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করে। প্রেসিডেন্ট এরশাদ সভায় সভাপতিত্ব করেন।

সরকারী সূত্রের উদ্ধৃতি দিয়ে বাসস জানায় যে পরিষদ উদ্বেগের সঙ্গে সবচেয়ে গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক ভাষা ইংরেজীর মানে অবনতি লক্ষ্য করে এবং মনে করে যে এই প্রবণতা রোধ করতে হবে।

উচ্চতর পর্যায়ে ছাত্রদের ইংরেজীতে পরীক্ষা দেয়ার স্বাধীনতা থাকবে।

মন্ত্রিপরিষদের বৈঠকে গাজী-

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## বাধ্যতামূলক

(১ম পৃঃ পর)

পুর থেকে ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়া-ঝিনাইদহ সীমান্তের শান্তি ডাঙ্গায় সরিয়ে নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

পরিষদে ১৯৮৮-৮৯ সালের লবণ নীতি অনুমোদিত হয়।

জরুরী ১ লাখ টন মওজুতসহ এবছরের জন্য চাহিদা নির্ধারণ করা হয়েছে সাড়ে ৭ লাখ টন।

লবণের দাম যাতে না বাড়ে তা নিশ্চিত করার জন্য প্রেসিডেন্ট সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছেন।